

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিপি-৪ শাখা
www.mopa.gov.bd



নম্বর ০৫.০০.০০০০.০০০.৯৯.০১২.১৬.১০

তারিখ: ২৬ আশ্বিন ১৪২৭
১১ অক্টোবর ২০২০

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **UN Public Service Awards (UNPSA 2021) এর জন্য আবেদন দাখিলের বিজ্ঞপ্তি**

United Nations Department of Economic and Social Affairs (UNDESA) ব্যবস্থানায় ২০২১ সালের United Nations Public Service Awards (UNPSA) প্রদানের লক্ষ্যে মনোনয়ন আহ্বান করা হয়েছে। এ সংক্রান্ত তথ্য UNDESA ওয়েবসাইটে (<https://publicadministration.un.org/unpsa/en>) পাওয়া যাবে। এ পুরস্কার শুধু সরকারি সংস্থাকে প্রদান করা হয়, কোন ব্যক্তিকে নয়। যে সকল উদ্যোগ ন্যূনতম ২ (দুই) বছর ধরে বাস্তবায়িত হচ্ছে সে সকল উদ্যোগের জন্য আবেদন করা যাবে। এ পুরস্কার প্রদানের ক্ষেত্রে কোন উদ্যোগের সাথে এসডিজির সামঞ্জস্যতা, সৃজনশীলতা, গুরুত্ব, অন্য কোথাও বাস্তবায়নের উপযোগিতা, টেকসই হওয়া এবং অংশীজনদের অংশগ্রহণ ইত্যাদি বিষয়কে মূল্যায়নের মানদণ্ড হিসেবে বিবেচনা করা হবে। ২০২১ সালে নিম্নবর্ণিত ৪টি ক্যাটাগরিতে এ পুরস্কারের জন্য মনোনয়ন আহ্বান করা হয়েছে:

1. Fostering innovation to deliver inclusive and equitable services for all including through digital transformation.
2. Enhancing the effectiveness of public institutions to reach the SDGs.
3. Promoting gender-responsive public services to achieve the SDGs.
4. Institutional preparedness and response in times of crisis.

২। বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, সরকারি সংস্থা ও দপ্তরসমূহকে উপর্যুক্ত ওয়েবসাইটে প্রদত্ত 'Submission Rules and Guidelines' এবং 'Applicant's Manual' অনুসরণপূর্বক ইংরেজিতে আবেদন প্রস্তুত করে সফটকপি ইমেইলের মাধ্যমে (shahriar.bas@gmail.com) এবং হার্ড কপি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ক্যারিয়ার প্ল্যানিং-৪ শাখায় (রুম নম্বর ২২/৯, নিচতলা, ভবন ২, বাংলাদেশ সচিবালয়) আবশ্যিকভাবে আগামী ২৭ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৩। প্রতিটি আবেদনের সাথে আবশ্যিকভাবে সাপোর্টিং ডকুমেন্ট হিসেবে ইংরেজিতে লিখিত ইন্টারনাল বা এক্সটারনাল মূল্যায়ন/অডিট প্রতিবেদন বা অনুরূপ ডকুমেন্ট দাখিল করতে

হবে। মূল্যায়ন প্রতিবেদনে executive summary, scope, methods ও findings and recommendation অবশ্যই থাকতে হবে। সম্পূরক হিসেবে উদ্যোগটির outcome ও impact প্রকাশ করে এরকম পলিসি ব্রিফ, প্রোজেক্ট ডকুমেন্ট, পত্রিকার প্রতিবেদন ইত্যাদি যে কোন সাপোর্টিং ম্যাটেরিয়াল (সর্বোচ্চ ৫টি, সর্বনিম্ন ৩টি) দাখিল করতে হবে। এছাড়া, সম্পূরক হিসাবে ওয়েবসাইট, অডিও এবং ভিডুয়াল ইনফরমেশনের জন্য URL (সর্বোচ্চ ৩টি, সর্বনিম্ন ১টি) দাখিল করতে হবে। সম্পূরক ম্যাটেরিয়াল ইংরেজিতে (প্রযোজ্য ক্ষেত্রে অনুবাদকৃত বা subtitle-সহ) হতে হবে।

৪। জনপ্রশাসন মন্ত্রণালয় প্রাপ্ত আবেদনসমূহ পর্যালোচনা করে যথাযথ উদ্যোগসমূহকে মনোনয়নসহ অনলাইনে দাখিল করবে। উল্লেখ্য, গতবারের আয়োজনে বাংলাদেশের একটি উদ্যোগ মর্যাদাপূর্ণ UNPSA 2020-তে ভূষিত হয়েছে।

সংযুক্ত: আবেদন ফর্ম (৪ পৃষ্ঠা)



১১-১০-২০২০

শাহরিয়ার আল-কবীর সিদ্দিকী

সিনিয়র সহকারী সচিব

ফোন: ০২ ৯৫৪৬২৯৫

ইমেইল: shahriar.bas@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সিনিয়র সচিব/সচিব (সকল)
- ৪) বিভাগীয় কমিশনার (সকল)
- ৫) জেলা প্রশাসক (সকল)
- ৬) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
- ৭) সিনিয়র সিস্টেমস এনালিস্ট, সিনিয়র সিস্টেমস এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রদর্শন করার অনুরোধসহ)